

বিশ্ববিদ্যালয়ে অস্থিরতার দ্রুত সমাধান হবে : শিক্ষা উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সময়



দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চলমান অস্থিরতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার। এ সংকটের দ্রুত সমাধানের আশ্বাস দিয়েছেন তিনি। গত কয়েক দিনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ একাধিক বিশ্ববিদ্যালয়ে সংঘাত-সংঘর্ষ ও অস্থির পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এতে শিক্ষাব্যবস্থার স্বাভাবিক ধারা ব্যাহত হচ্ছে স্বীকার করে গতকাল মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এই আশা সোজা করেন।

শিক্ষা উপদেষ্টা বলেন, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যে অনাকাঙ্ক্ষিত ঘটনাগুলো ঘটছে, সেগুলো আমরা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি। এতে শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। এ নিয়ে আমরা স্বাভাবিকভাবেই উদ্বেগ। তবে আলাপ-আলোচনার মাধ্যমে এই সংকট নিরসন সম্ভব। ইতোমধ্যে সমাধানের প্রক্রিয়া শুরু হয়েছে এবং আমরা খুব দ্রুত এর ইতিবাচক ফলাফল দেখতে পাব। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয়ও সরাসরি যোগাযোগ রাখছে জানিয়ে তিনি বলেন, ধৈর্য ও সহিষ্ণুতার সঙ্গে সমাধানের পথ খুঁজে বের করতে হবে। এ ধরনের পরিস্থিতি কারও জন্যই কাম্য নয়।

জানা গেছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন ঘিরে উত্তেজনা অব্যাহত রয়েছে। অন্যদিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা ভেটেরিনারি ও পশুপালন অনুষদের ডিগ্রিকে

একীভূত করে কনসাল্টে ডিগ্রি দেওয়ার দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। গত রবিবার এ দাবিতে শিক্ষার্থীরা দিনভর ২৫১ শিক্ষক-কর্মকর্তাকে অবরুদ্ধ করে রাখেন। পরে তাদের উদ্ধারে গেলে বহিরাগতদের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটে। পরিস্থিতি উত্তপ্ত হওয়ায় সেদিন রাতেই বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করে। ছাত্রছাত্রীদের সোমবার সকাল ৯টার মধ্যে হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়। যদিও বেশকিছু শিক্ষার্থী নির্দেশ অমান্য করে হলে থেকে বিক্ষোভ অব্যাহত রেখেছেন।

